

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর  
গোপনীয় শাখা  
www.gopalganj.gov.bd

স্মারক নম্বর : ০৫.৩০.৩৫০০.০১৭.০৭.০২০.২৪-৪৬

তারিখ : ০৯ আষাঢ় ১৪৩১  
২৩ জুন ২০২৪

বিষয় : বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই সংগ্রহ এবং বিতরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এই জেলার ২০৩টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ৪৬টি মাদ্রাসা ও ৪০টি কলেজে বিতরণের জন্য জেলা প্রশাসনের উদ্যোগে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই সংগ্রহ করা হয়েছে। বইগুলি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের লাইব্রেরিতে সবার জন্য উন্মুক্ত হিসাবে সংরক্ষিত থাকলে শিক্ষার্থীসহ শিক্ষক ও অভিভাবকবৃন্দ আরো ভালভাবে দেশ, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ইতিহাস জানতে পারবে।

এমতাবস্থায়, শিক্ষার্থীদের মাঝে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের চেতনার বিকাশ এবং তাদের মেধা ও কল্পনাশক্তি শানিত করার লক্ষ্যে উপর্যুক্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, পরবর্তীতে জেলার সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে বই পড়া, বঙ্গবন্ধু ও দেশকে জানা বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।



শেখ শামছুল আরেফীন  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
গোপালগঞ্জ


জেলা শিক্ষা অফিসার  
গোপালগঞ্জ

স্মারক নম্বর : ০৫.৩০.৩৫০০.০১৭.০৭.০২০.২৪-৪৬/১(২০)

তারিখ : ০৯ আষাঢ় ১৪৩১  
২৩ জুন ২০২৪

অনুলিপি : অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১. উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর/মুকসুদপুর/কাশিয়ানী/কোটালীপাড়া/টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
২. সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা/আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ
৩. সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ (জেলা প্রশাসক, গোপালগঞ্জ মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ..... উপজেলা, গোপালগঞ্জ
৫. একাডেমিক সুপারভাইজার, ..... উপজেলা, গোপালগঞ্জ
৬. অফিস কপি



অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
গোপালগঞ্জ